



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

তারিখঃ ১৩ জুন ২০২২

বাউবি'র এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ডিগ্রি ইউনিট কর্তৃক আয়োজিত এমফিল ও পিএইচডি গবেষকদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন ১৩ জুন ২০২২ সোমবার বাউবি'র গাজীপুরস্থ সেমিনার হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাউবি'র প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। অনুষ্ঠানে প্রধান অতিথি বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন গবেষণা নতুনত্বের উন্মেষ ঘটায়। বিভিন্ন তথ্য-উপাত্ত থেকে অর্জিত জ্ঞান ও গবেষণা হচ্ছে উচ্চতর শিক্ষার ভিত্তি। গবেষণার মাধ্যমে শিক্ষার্থীরা প্রতিনিয়ত নতুন কিছু আবিষ্কার করবে। তিনি গবেষকদের তথ্য উপাত্ত ও লিটারেচার সঠিক বিশ্লেষণ করে সিদ্ধান্তে পৌঁছানোর আহ্বান জানান। গবেষণার ডাটা সঠিক না হলে সমাজ ও জাতি ক্ষতিগ্রস্ত হবে। এ সকল বিষয়ে খেয়াল রাখার তাগিদ দেন উপাচার্য।



এমফিল ও পিএইচডি গবেষকদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন স্কুল অব এডুকেশনের অধ্যাপক ড. মোঃ মোহসীন উদ্দিন। সংশ্লিষ্ট স্কুলের ডিন ও গবেষণা তত্ত্বাবধায়কগণ ওরিয়েন্টেশনে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন রিসার্চ ডিগ্রি ইউনিটের উপ-পরিচালক ড. মোঃ জামাল উদ্দিন খান। ওরিয়েন্টেশন প্রোগ্রামে ২০ জন গবেষক অংশগ্রহণ করেন।

সই

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪